127

তারিখ ... 10 JAN 1994 ...
পৃষ্ঠা ৫ কলাম ৭

দৈনিক সংবাদ

## শিক্ষক সংকট ।। জরাজীর্ণ বিদ্যালয় ভবন

# উত্তরাঞ্চলে ৩৪ লাখ ছাত্রছাত্রীর লেখাপড়া বিঘ্নিত হচ্ছে

।। মোঃ হাসিবুর রহমান বিলু ।।

বগুড়া, ৯ই জানুয়ারি।– শিক্ষক সংকট, জরাজীর্ণ বিদ্যালয় ভবন, টেবিল–বেঞ্চ সংকট আর নানা ধরনের শিক্ষা সামগ্রীর অভাবে এ বছর উত্তরাঞ্চলের ১২ হাজার ১শ' ২৯টি সরকারী ও বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ে যে প্রায় ৩৪ লাখ বালক–বালিকা ভর্তি হচ্ছে তাদের লেখাপড়া মারাত্মকভাবে বিঘ্নিত হবে।

সরকারী– বেসরকারী ও বিভিন্ন এনজিও সূত্রে জানা গেছে, উত্তরাঞ্চলের ১৬টি জেলার ১শ' ২৪টি থানার মধ্যে চাঁপাইনবাবগঞ্জের ৫টি থানার বিভিন্ন এলাকার ৪শ' ৮৮টি সরকারী ও বেসর–কারী প্রাথমিক বিদ্যালয়ে এসব সমস্যা–গুলোর পাশাপাশি ২শ' ৯টি শিক্ষকের পদ শূন্য থাকার কারণে লেখাপড়া বিঘ্নিত হবে ১ লাখ ৪০ হাজার ৫শ' ৭০ জন বালক–বালিকার। বিভাগীয় শহর রাজশাহীর ১১টি থানার ৭শ' ৬৯টি সরকারী ও বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ে ২শ' ৭৩টি শিক্ষকের পদ দীর্ঘদিন যাবৎ শূন্য থাকায় এবং উল্লেখিত সমস্যাগুলোর জন্য লেখাপড়া বিঘ্নিত হবে ২ লাখ ৫৭ হাজার ৩শ' ১৪ জন বালক–বালিকার। নাটোরের ৬টি থানার বিভিন্ন এলাকার ৫শ' ২৩টি সরকারী ও বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ে ২শ' ৭৯টি শিক্ষকের পদ দীর্ঘদিন যাবৎ শূন্য থাকায় এবং উল্লিখিত কারণগুলোর জন্য লেখাপড়া বিঘ্নিত হবে ১লাখ ৭৪ হাজার ২শ' ৭৮ জন বালক–বালিকার। নওগাঁর ১১টি থানার বিভিন্ন এলাকার ৯শ' ৯৬টি সরকারী ও বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ে উল্লিখিত কারণগুলোর পাশাপাশি ৩শ' ৯৭টি শিক্ষকের পদ দীর্ঘদিন যাবৎ শূন্য থাকার ফলে এবছর এ জেলার লেখাপড়া বিঘ্নিত হবে ২ লাখ ৫১ হাজার ২শ' ৬১ জন বালক–বালিকার। পাবনার বিভিন্ন এলাকার ২লাখ ৭৫ হাজার ১শ' ১৩ জন বালক–বালিকার এবার প্রাথমিক শিক্ষাগ্রহণ মারাত্মকভাবে বিঘ্নিত হবে; ৯টি থানার ৮শ' ৭৬টি সরকারী ও বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ে উল্লিখিত সমস্যাগুলোর পাশাপাশি ৩শ' ৪৮টি শিক্ষকের পদ দীর্ঘদিন যাবৎ শূন্য থাকার কারণে। ৯টি থানা নিয়ে গঠিত সিরাজগঞ্জ জেলার বিভিন্ন এলাকার ১ হাজার ১শ' ৯৩টি সরকারী ও বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ে উল্লিখিত সমস্যাগুলোর পাশা–পাশি ৩শ' ৩টি শিক্ষকের পদ দীর্ঘদিন যাবৎ শূন্য পড়ে থাকার কারণে এ বছর প্রাথমিক শিক্ষা গ্রহণ বিঘ্নিত হবে ৩ লাখ ৩৭ হাজার ২শ' ৩৬ জন বালক–বালিকার। বগুড়ার ১১টি থানার বিভিন্ন এলাকার ১ হাজার ২শ' ৬২টি সরকারী ও বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ে ৩শ' ৭৬টি শিক্ষকের পদ ফাঁকা থাকায় এবং উল্লেখিত সমস্যাগুলো প্রকট আকার ধারণ করায় এ জেলায় এবার প্রাথমিক শিক্ষা গ্রহণ বিঘ্নিত হবে ৩ লাখ ১৯ হাজার ৩শ' জন বালক–বালিকার। ২শ' ৯৯টি সরকারী ও বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ে উল্লিখিত সমস্যাগুলোর পাশাপাশি ১শ' ৯৩টি শিক্ষকের পদ দীর্ঘদিন যাবৎ শূন্য থাকার কারণে জয়পুরহাটের ৫টি থানার বিভিন্ন এলাকার ৯১ হাজার ৭শ' ৯৩ জন বালক–বালিকার এ বছর প্রাথমিক শিক্ষা গ্রহণ বিঘ্নিত হবে। রংপুরের ৮টি থানার বিভিন্ন এলাকার ২ লাখ ৫৪ হাজার ৭শ' ৪৮ জন বালক–বালিকার এ বছর প্রাথমিক শিক্ষা গ্রহণ মারাত্মকভাবে বিঘ্নিত হবে ৯শ' সরকারী ও বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ে ঐসব সমস্যার পাশাপাশি ৩শ' ৯৭টি শিক্ষকের পদ দীর্ঘদিন যাবৎ শূন্য থাকার কারণে। গাইবান্ধার ২ লাখ ৪৩ হাজার ১শ' ১৩ জন বালক–বালিকার এবছর প্রাথমিক শিক্ষা গ্রহণ বিঘ্নিত হবে ৭টি থানার বিভিন্ন এলাকার ৯শ' ৮৩টি সরকারী ও বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ে উল্লিখিত সমস্যাগুলোর পাশাপাশি ৩শ' ১৩টি শিক্ষকের পদ দীর্ঘদিন শূন্য থাকায়। নীলফামারীতে ৬শ' ২৬টি সরকারী ও বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ে উল্লিখিত সমস্যাগুলোর পাশাপাশি ৪শ' ২৪টি শিক্ষকের পদ ফাঁকা থাকার কারণে ৬টি থানার ১ লাখ ৬৪ হাজার ৪শ' ৭৩ জন বালক–বালিকার প্রাথমিক শিক্ষাগ্রহণ বিঘ্নিত হবে। কুড়িগ্রামের ৯টি থানার বিভিন্ন এলাকার ১ লাখ ৮৯ হাজার ৪শ' ৩৩ জন বালক–বালিকার এবছর প্রাথমিক শিক্ষা গ্রহণ বিঘ্নিত হবে ৭শ' ৪২টি সরকারী ও বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ে ঐসব সমস্যার পাশাপাশি ২শ' ৪৫টি শিক্ষকের পদ শূন্য থাকায়। লালমনির–হাটের ৩শ' ৮৮টি সরকারী ও বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ে ঐসব সমস্যা এবং ২শ' ৮টি শিক্ষকের পদ শূন্য থাকার কারণে ৫টি থানার বিভিন্ন এলাকার ১ লাখ ২২ হাজার ৮শ' ৩২ জন বালক– বালিকার এবছর প্রাথমিক শিক্ষা গ্রহণ বিঘ্নিত হবে। দিনাজপুরের ১৩টি থানার বিভিন্ন এলাকার ১ হাজার ১শ' ৩৩টি সরকারী ও বেসর–কারী প্রাথমিক বিদ্যালয়ে ঐসব সমস্যার পাশাপাশি ৮শ' ১১টি শিক্ষকের পদ শূন্য থাকার ফলে এবছর এ জেলার প্রাথমিক শিক্ষা গ্রহণ বিঘ্নিত হবে ৩ লাখ ৭ হাজার ১শ' ২৩ জন বালক–বালিকার। ঠাকুরগাঁ জেলার ৫টি থানার ৫শ' ৪৮টি সরকারী ও বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ে ঐসব সমস্যার পাশাপাশি ৩শ' ১৯টি শিক্ষকের পদ শূন্য থাকায় এ বছর এ জেলায় প্রাথমিক শিক্ষা গ্রহণ বিঘ্নিত হবে ১ লাখ ৪০ হাজার ১শ' ১২ জন বালক–বালিকার। দেশের সর্বউত্তরের জেলা পঞ্চগড়ের ৫টি থানার বিভিন্ন এলাকার ৯১ হাজার ১শ' ৪২ জন বালক–[illegible] এ বছর প্রাথমিক শিক্ষা [illegible] ৪টি সরকারী [illegible] বিদ্যালয়ে ঐ[illegible] টি শিক্ষ[illegible]